

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পর্যটন ভবন-৯ম তলা

প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও

শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

নং. ১৮৫/এফআরসি/এসএস/২০২২/১২৫

তারিখ: ৭ ফেব্রুয়ারী, ২০২২

**সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণে
প্রয়োজ্য মানদণ্ড এবং কাঠামো চূড়ান্তকরণে প্রাক-প্রকাশনা বিজ্ঞপ্তি**

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, (এফআরএ) ২০১৫ এর ধারা ২(৮)(খ) অনুযায়ী উপরোল্লিখিত প্রতিষ্ঠানসমূহ যারা জনস্বার্থ সংস্থার সংজ্ঞার অন্তর্ভুক্ত যেমন, রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক প্রতিষ্ঠান, কর্পোরেশন, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক, কাউন্সিল, বোর্ড, ইনস্টিটিউট, কমিশন, ট্রাস্ট, বিশ্ববিদ্যালয়, কলেজ, ফাউন্ডেশন, কর্তৃপক্ষ, পরিষদ, একাডেমি ইত্যাদি প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠা সংক্রান্ত আইন এবং এফআরএ ২০১৫ এর ধারা ৪০, ৪০ (৪), ৪৪ অনুযায়ী, “প্রতিষ্ঠানসমূহ সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, যথাযথভাবে উহার হিসাবরক্ষণ এবং হিসাব বিবরণী প্রস্তুত করিবে।”

এই লক্ষ্যে এফআরসি বিভিন্ন সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী এবং আর্থিক বিষয়াদির বিবেচনায় পাঁচ স্তরের খসড়া আর্থিক প্রতিবেদন কাঠামো ও এতদসংক্রান্ত খসড়া মানদণ্ডসমূহ প্রণয়ন করে প্রয়োজ্য প্রতিষ্ঠানসমূহের তালিকা এবং উক্ত প্রতিষ্ঠানের জন্য প্রয়োজ্য মানদণ্ড, কাঠামো এবং স্তর নির্ধারণ করেছে। আর্থিক কাঠামো, মানদণ্ড এবং আনুষঙ্গিক বিষয়াদির খসড়া এক খন্ডে পিডিএফ আকারে এফআরসি ওয়েবসাইটে (www.frcbd.org) Public Sector Entity Financial Reporting Framework (PSE FRF) শিরোনামে প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট মানদণ্ড, আর্থিক কাঠামো, স্তর ইত্যাদি বিষয়ে সম্পৃক্ত এবং আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তিগণের কোন আপত্তি বা মন্তব্য থাকলে তা এই বিজ্ঞপ্তির তারিখ হতে ৬০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের অনুরোধ করা হলো।



মুহাম্মদ আনওয়ারুল করিম, এফসিএ
নির্বাহী পরিচালক – মানদণ্ড নির্ধারণী বিভাগ

টেলিফোন: +৮৮০২-৪১০২৪৬৮৫

ই-মেইল : ed.ss@frcbd.org

admin@frcbd.org